

প্রতিশোধ আমি নিতেই পারতাম
কামরূপ জিনিয়া

দুর্দান্ত এক প্রতিশোধ আমি নিতেই পারতাম
তোমার সত্যিকারের ভয়াবহ অবয়ব যা
রঙচঙ্গ মুখোশের অন্তরালে স্যন্তে গোপন
তা উন্নোচন করে, সবাইকে জানিয়ে
দিয়ে, লজ্জাজনক এক প্রতিশোধ আমি
নিতেই পারতাম।

তোমার লাভ, ক্ষতি আর লোভের জটিল অংক
মিথ্যাচার, কপটতা, কৃত্রিমতা, স্বার্থপরতা, ভস্তামি
প্রতি মওঙ্গমে খোলস পাল্টানোর ইতিবৃত্ত
কাগজের পাতায় লিখে জ্বালাময়ী একটি
প্রতিশোধ আমি অবলীলায় নিতেই পারতাম
তোমার মত করে।

আলোকিত মানুষের স্বপ্ন চোখে নিয়ে আমি
যাচ্ছলাম সমুদ্রের দিকে। এ পথে বাতাসে
ভোসে আসে বসন্তের ধূলো। পাতা ঝরার শব্দে
ঘূম ভাঙে প্রতি ভোরবেলায়। শিশিরে স্নান সেরে
দেখি সবচেয়ে পুরনো সেই নতুন সূর্য
উদ্বীপিত স্বপ্নে।

উপলব্ধিতে, শক্তিতে, প্রগাঢ় ভালোবাসায় মেলা
বসে অদুরেই, আলো হাতে চলা আঁধারের যাত্রীদের।
সেখানে আলোকিত মানুষের আদর্শে, সীমাহীন
আকাশের ওদার্ঘে, আদিগন্ত সবুজের ঐশ্বর্যে
তুমি এক নিদারণ ছন্দপতন। করুণ ভিথিরি।
নিতান্তই তুচ্ছ।

সশব্দ প্রতিশোধ আমি নিতেই পারতাম
অথচ আলোকিত মানুষের স্বপ্নের কাছাকাছি
এগুচ্ছ যতো, অর্থচেনা তুমি ততোই অঞ্চলীন।
ততোই ক্ষুদ্র আর নগন্য। আলোর কণারা এসে
আলোকিত করে চারিপাশ। তুচ্ছ তোমাকে তাই
করুণাই করলাম।

(নিউ অরলিন্স, লুইজিয়ানা।)

আপনার স্বপ্নভঙ্গের জন্যে দুঃখিত

কামরূপ জিনিয়া

আপনার স্বপ্ন ছিলো

আমার সকল সন্তানার নির্দেশক হবার

আপনার কথামতো

উঠবো-বসবো, চলবো-থামবো, হাসবো অথবা কাঁদবো।

আপনার শেখানো বুলি আওড়িয়ে যাবো যখন তখন

আপনার প্রয়োজনে।

আমার মেধা, মনন ও সৃজনশীলতাকে উল্টোস্থোতে

কাজে লাগিয়ে

পার হবেন একটির পর একটি স্বার্থান্বেষী সিঁড়ি।

প্রভু হয়ে একদিন আমাকেও করবেন আপনার কিছু

তোষামুদ্দীদের একজন।

দুঃখিত, আপনার স্বপ্নভঙ্গের জন্যে

আমাকে নিয়ে এ ধরণের অলীক স্বপ্ন দেখার জন্যে।

আদ্যন্ত দাসত্বের বিপক্ষে আমি, মুক্তিপ্রেমী

ভীষণ অসন্তোষেও।

প্রচন্ড রোদে, খরায়, তুমুল বৃষ্টিতে, ঝাড়ে

আহত বা নিহত হবার সকল সন্তানা জেনেও

দু'ডানায় ভর করে উড়তে চাই সুনীল আকাশে

যখন আমার খৃশি।

সিঁড়ির চেয়েও বেশী ভালোবাসি কৃষ্ণচূড়া,

সরয়ে ক্ষেত, আকাশ, জীবনানন্দ

আর নোনা জলকে।

আমাকে দাসত্বের শৃংখলে বেঁধে রাখার

আপনার চালাক-চতুর স্বপ্নকে তাই

পুড়িয়ে দিলাম উনুনে, আমি আমার মতো করে

বাঁচবো বলে।

(নিউ অরলিন্স, লুইজিয়ানা।)